

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১০১১

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জানাযার পিছনে চলা।

باب مَا جَاءَ فِي الْمَشْيِ خَلْفَ الْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غِيلَانَ، حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ، عَنْ شُعْبَةَ، عَنْ يَحْيَى، إِمَامِ بَنِي تَيْمٍ
اللَّهِ عَنْ أَبِي مَاجِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ سَأَلْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ عَنِ الْمَشْيِ خَلْفَ الْجَنَازَةِ فَقَالَ " مَا دُونَ الْخَبَبِ فَإِنْ كَانَ خَيْرًا عَجَلْتُمُوهُ وَإِنْ
كَانَ شَرًّا فَلَا يُبْعَدُ إِلَّا أَهْلُ النَّارِ الْجَنَازَةُ مَتْبُوعَةٌ وَلَا تَتَّبِعْ وَلَيْسَ مِنْهَا مَنْ تَقَدَّمَهَا " . قَالَ
أَبُو عِيْسَى هَذَا حَدِيثٌ لَا يُعْرَفُ مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ إِلَّا مِنْ هَذَا الْوَجْهِ . قَالَ
سَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يُضَعِّفُ حَدِيثَ أَبِي مَاجِدٍ هَذَا . وَقَالَ مُحَمَّدٌ قَالَ الْحُمَيْدِيُّ
قَالَ ابْنُ عُيَيْنَةَ قِيلَ لِيَحْيَى مِنْ أَبِي مَاجِدٍ هَذَا قَالَ طَائِرٌ طَارَ فَحَدَّثَنَا . وَقَدْ ذَهَبَ بَعْضُ
أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَغَيْرِهِمْ إِلَى هَذَا رَأَوْا أَنَّ الْمَشْيَ
خَلْفَهَا أَفْضَلُ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ وَإِسْحَاقُ . قَالَ إِنَّ أَبَا مَاجِدٍ رَجُلٌ مَجْهُولٌ لَا
يُعْرَفُ إِنَّمَا يُرَوَى عَنْهُ حَدِيثَانِ عَنْ ابْنِ مَسْعُودٍ . وَيَحْيَى إِمَامُ بَنِي تَيْمٍ اللَّهُ ثِقَةٌ يُكْنَى أَبَا
الْحَارِثِ وَيُقَالُ لَهُ يَحْيَى الْجَابِرُ وَيُقَالُ لَهُ يَحْيَى الْمَجْبُرُ أَيْضًا وَهُوَ كُوفِيٌّ رَوَى لَهُ شُعْبَةُ
وَسُفْيَانُ الثَّوْرِيُّ وَأَبُو الْأَحْوَصِ وَسُفْيَانُ بْنُ عُيَيْنَةَ .

বাংলা

১০১১. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জানাযার পিছনে চলা সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, দৌড়ে চলার চেয়ে কিছুটা কম দ্রুত চলবে। যদি সে ভাল লোক হয়ে থাকে তবে তো তাকে শীঘ্র শীঘ্র স্বস্থানে পৌছে দিলে। আর সে খারাপ লোক হয়ে থাকলে তবে শীঘ্র এক জন জাহান্নামীকে বিদূরিত করে দিলে। জানাযাকে অনুসরণ করা হবে। তা কাউকে অনুসরণ করবে না। যে ব্যক্তি এর আগে আগে যাবে সে এর (ছওয়াবের) অন্তর্ভুক্ত নয়। - ইবনু মাজাহ ১৪৮৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১০১১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত হাদিসটি এই সূত্র ছাড়া আমরা কিছু জানি না। আমি মুহাম্মাদ ইবনু ইসমাইল আল-বুখারী (রহঃ) কে আবু মাজিদ বর্ণিত এই রিওয়ায়াতটিকে যঈফ বলতে শুনেছি। মুহাম্মাদ হুমায়দী- ইবনু উয়ায়না (রহঃ) থেকে বর্ণিত আছে যে, ইয়াহইয়া (রহঃ) কে জিজ্ঞাসা করা হয়েছিলঃ এই আবু মাজিদ কে? তিনি বললেন, একটি পাখি উড়ে এসে আমাদেরকে হাদিস শুনিচ্ছে (অর্থাৎ বর্ণনাকারী অপরিচিত ব্যক্তি) কোন কোন সাহাবী ও অপরপর আলিম এই হাদিস অনুসারে আমলের অভিমত দিয়েছেন। তাঁরা জানায়ার পিছনে চলা আফযল বলে মনে করেন। এ হলো ইমাম ছাওরী ও ইসহাক (রহঃ) এর অভিমত। আবু মাজিদ একজন অখ্যাত রাবী। ইবনু মাসউদ (রাঃ) থেকে তার দুটি রিওয়ায়াত রয়েছে। বানু তায়মিল্লাহ এর ইমাম ইয়াহইয়া ছিকা রাবী। তার কুনিয়াত হলো আবুল হারিছ। তাঁকে ইয়াহইয়া আল-জাবির এবং ইয়াহইয়া আল-মুজবিরও বলা হয়। তিনি ছিলেন কুফী। তার বরাতে শুবা সুফইয়ার ছাওরী, আবুল আহওয়াস ও সুফইয়ান ইবনু উয়ায়না (রহঃ)-ও রিওয়ায়াত করেছেন।

English

Yahya, the Imam of Banu Taimillah, narrated from Abu Majid :
From Abdullah bin Mas'ud who said: "We asked the Messenger of Allah about walking behind the funeral. He said: 'Less than a trot. For if he was good, then you will be hastening him to it (goodness), and if he was evil, then it is only an inhabitant of the Fire that is being taken away.'" The funeral is (to be) followed. The one who precedes it shall not have the reward of those who follow it."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18200>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন